

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ৩০, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ অগ্রহায়ণ ১৪২৭/৩০ নভেম্বর ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.৩০৮—তথ্য মন্ত্রণালয়ের সচিব মির্জা কামরুন নাহার বাংলাদেশ সিভিল সার্ভিস (তথ্য-সাধারণ) ক্যাডারের ১৯৮৪ ব্যাচের কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক সুদীর্ঘ প্রায় ৩৫ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ৩০ নভেম্বর ২০২০ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করছেন।

২। প্রজাতন্ত্রের একজন কর্মনিষ্ঠ ও দায়িত্বশীল কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মির্জা কামরুন নাহার-কে ধন্যবাদ জানিয়ে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে মন্ত্রিসভার ০৮ অগ্রহায়ণ ১৪২৭/২৩ নভেম্বর ২০২০ তারিখের বৈঠকে একটি ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম

মন্ত্রিপরিষদ সচিব

(১২৬৭৫)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

০৮ অগ্রহায়ণ ১৪২৭
ঢাকা: -----
২৩ নভেম্বর ২০২০

তথ্য মন্ত্রণালয়ের সচিব মির্জা কামরুন নাহার বাংলাদেশ সিভিল সার্ভিস (তথ্য-সাধারণ) ক্যাডারের ১৯৮৪ ব্যাচের কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক সুদীর্ঘ প্রায় ৩৫ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ৩০ নভেম্বর ২০২০ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করেছেন।

মির্জা কামরুন নাহার সুদীর্ঘ কর্মজীবনের শুরুতে তথ্য বিভাগের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। জেলা তথ্য অফিসার, সিনিয়র তথ্য অফিসার, উপ-প্রধান তথ্য অফিসার এবং পরবর্তী পর্যায়ে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ও গণযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক হিসাবে স্থিতধী এই কর্মকর্তা দক্ষতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেন। এ ছাড়া, মির্জা কামরুন নাহার তথ্য অধিদপ্তরের প্রধান তথ্য অফিসার হিসাবেও ব্যাপ্তিময় কর্মপরিসরে মেধা ও যোগ্যতার স্বাক্ষর রেখেছেন।

মির্জা কামরুন নাহার গত ২২ জানুয়ারি ২০১৯ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব নিযুক্ত হন। পরে তিনি ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে তথ্য সচিবের দায়িত্বপ্রাপ্ত হন এবং অত্যন্ত পারদর্শিতা ও বিচক্ষণতার সঙ্গে কাজ করে গেছেন।

মির্জা কামরুন নাহারের প্রজ্ঞা, নিষ্ঠা ও পেশাদারিত্ব তাঁর কর্মজীবনকে করেছে সফল ও অর্থবহ। কামরুন নাহার তাঁর বিনয় এবং সহমর্মিতার জন্য সহকর্মীদের নিকট অত্যন্ত প্রিয়ভাজন ছিলেন।

প্রজাতন্ত্রের একজন কর্মনিষ্ঠ ও দায়িত্বশীল কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা মির্জা কামরুন নাহার-কে ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে।

মোহাম্মদ ইসমাইল হোসেন উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.